গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
বাজিতপুর,কিশোরগঞ্জ
www.acl.bajitpur.kishoregonj.gov.bd

স্মারক নং ৩১.৪১.৪৮০৬.০০.০০৭.০০৫.২৫.   তারিখ ১৮ পৌষ ১৪৩১ / ০২ জানুয়ারি ২০২৫

সরকারি জলমহাল ব্যবস্থাপনা, ২০০৯ অনুযায়ী অনুর্দ্ধ ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে অনলাইনের আবেদন আহবান বিজ্ঞপ্তি নং-০১/২০২৫

এতদ্বারা ভূমি মন্ত্রনালয়ের ১৭/১২/২০২৪ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)-৬৯৪ স্মারকের নির্দেশনার পরিপ্রেক্ষিতে প্রকৃত নিবন্ধিত মৎসজীবী সমবায় সমিতি/মৎসজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার বাজিতপুর উপজেলার জলমহাল ব্যবস্থাপনা কমিটির ব্যবস্থানাধীন অনুর্দ্ধ ২০ একর পর্যন্ত নিম্নবর্ণিত বদ্ধ জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে ১৪৩২ বাংলা সনের দখল প্রদানের তারিখ হতে ১৪৩৪ বাংলা সনের ৩০ চৈত্র অর্থ্যাৎ আগামী ১৪৩২-১৪৩৪ বাংলা মেয়াদ পর্যন্ত সময়ের জন্য ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষপঞ্জিকার মধ্যে নিস্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী ও বর্ণিত শর্তধীনে অনলাইনে আবেদন করা যাচ্ছে।

বর্ণিত বর্ষপঞ্জিকা /সিডিউল অনুযায়ী জেলা ও উপজেলা থেকে সাধারণ আবেদনে সরকারি জলমহালের ইজারা কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

ক্রমিক নং	তারিখ	গৃহীতব্য কার্যক্রম
০১	২১ পৌষের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারন আবেদনে জলমহাল ইজারার আবেদন আহব্বান।
০২	০১ মাঘ থেকে ১৪ মাঘের বঙ্গাব্দ	ইজারা জন্য প্রয়োজনীয় কাগজপত্র সহ (jm.lams.gov.bd) লিংকে মাধ্যমে অনলাইনে ইজারার আবেদন দাখিল
০৩	১৪ মাঘ এর পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেট কপি ও জামানতের মূলকপি সিলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল।
০৪	২০ মাঘ থেকে ২৬ মাঘের মধ্যে	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেট কপি যাচাই-বাছাই
০৫	২৭ মাঘ থেকে ০৪ ফাল্গুনের মধ্যে	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন
০৬	০৫ ফাল্গুন থেকে ২৫ ফাল্গুনের মধ্যে	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ(প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন
০৭	২৬ ফাল্গুন থেকে ২৮ ফাল্গুনের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারগ্রহীতাকে আবহিতকরণ
০৮	২৯ ফাল্গুন থেকে ২০ চৈত্রের মধ্যে	ইজরাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজরামূল্য ও অন্যান্যা সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন
০৯	০১ বৈশাখ	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেওয়া

১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ মেয়াদে ইজারাযোগ্য জলমহাল

ক্রং নং	ইউনিয়নের নাম	জলমহালের নাম	আয়তন(একরে)	সরকারি ইজারামূল্য	মন্তব্য
০১	দিলালপুর ইউনিয়ন	খন্দকার দিঘি	৯.৬৫ একর	১,৮৩,৭৫০/-	
০২	মাইজচর ইউনিয়ন	দায়ের নদী	৩.২০ একর	১,৪৯,২৬০/-	
০৩	কৈলাগ ইউনিয়ন	গোজার খাল	৫.০৯ একর	৩৪,৭৪০/-	

শর্তাবলী

০১।সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহনের আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎসজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে হবে।

০২। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত মৎসজীবী সমবায় সমিতির সভাপতি/ সম্পাদক মন্ত্রনালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

- আবেদন দাখিলের শেষ সময় পর্যন্ত সংরক্ষণ করা হবে তবে দলিলকারী আবেদনের পর আবেদনের সকল তথ্যাদির প্রিন্টিং কপি সংগ্রহ করতে হবে।

০৪। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ কার্য দিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্টিং কপি সহ জলমহাল ইজারার জন্য জামানত বাবৎ ২০% উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে ব্যাংক ড্রাফট/পে অর্ডার মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,বাজিতপুর এ দখিল করতে হবে। শেষ বছরে ইজারা মূল্যে সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। জামানত বাবদ দাখিলকৃত পে অর্ডার ব্যাংক ড্রাফট এর সঠিকতা যাচাই এর স্বার্থে ব্যাংক হতে আবেদনকারি বরাবর সরবরাহকৃত(যিনি আবেদন জমা করবেন তার নামে ব্যাংক হতে ইসুৎকৃত জামানতের পে-স্লিপ জমার বিবরণ অবশ্রই আবেদনের সাথে জমা প্রদান করতে হবে। সীলগালাকৃত উল্লেখিত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে। খামে বাম পার্শ্বে নিম্নভাবে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

০৫। আবেদনসমূহ যাচাই বাছাইয়ের পর উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

০৬। যেকোনো জলমহালের ইজরা বিষয়ে জলমহাল নিকটবর্তী/তীরবর্তী মৎসজীবী/মৎসজীর্বী সংগঠনকে অগ্রাধিকার দেওয়া হবে।

০৭। ইজরা গ্রহীতাকে প্রত্যেক বছরের ইজারামূল্যের উপর সরকারি ধার্যকৃত ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে

০৮। জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি www.unobajitpur.kishoreganj.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

০৯। জলমহাল ইজারা পাওয়ার জন্য অনলাইনে আবেদন দাখিলের বিজ্ঞপ্তি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ,বাজিতপুর,কিশোরগঞ্জ এবং উপজেলা ভূমি অফিসেন নোটিশ বোর্ড হতে জানা যাবে।

১০। যে সকল জলমহালের উপর উর্দ্ধতন কর্তৃপক্ষের /মন্ত্রণালয়ের স্থগিতাদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় অথবা আদালতের স্থগিতাদেশ /নিষেধাজ্ঞা/ স্থিতাবস্থার আদেশ রয়েছে সে সকল জলমহালের উপর বর্ণিত আদেশ হলেও সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে।

১১। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরকারি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কোন আবেদনকারী সমিতি জলমহালঅ ইজারা পাওয়ার জন্য ম্যানুয়ালী আবেদন দাখিল করবে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২। কোনে কারণ দর্শানো ব্যতীত যে কোনো আবেদন গ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

02/01/2025

(ফারাশিদ বিন এনাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বাজিতপুর, কিশোরগঞ্জ

স্মারক নং ৩১.৪১.৪৮০৬.০০.০০৭.০০৫.২৪. 08

তারিখ: ১৮ পৌষ ১৪৩১
০২ জানুয়ারি ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো ।

০১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কিশোরগঞ্জ।
০৩। সহকারী কমিশনার (ভূমি), বাজিতপুর, কিশোরগঞ্জ।
০৪। -- কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ।
০৫। চেয়ারম্যান ,-- ইউনিয়ন পরিষদ, বাজিতপুর, কিশোরগঞ্জ।
০৬। সম্পাদক, দৈনিক পত্রিকা ---
০৭। অফিস কপি।

02/01/2025

সহকারী কমিশনার (ভূমি) অ: দা:
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বাজিতপুর, কিশোরগঞ্জ